গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.১২.০০১.১৯.৩০৭

তারিখ: ২৮ মাঘ ১৪২৬
১১ ফেব্রুয়ারি ২০২০

পরিপত্র

বিষয়: T.T.C/B.Ed কলেজ অনুমোদনের পূর্বে এর প্রয়োজনীয়তা যাচাইকল্পে কমিটি গঠন।

T.T.C/B.Ed কলেজ অনুমোদনের পূর্বে এর প্রয়োজনীয়তা যাচাইকল্পে নিম্নলিখিত কমিটি গঠন করা হলো। উক্ত কমিটির রূপরেখা ও কার্যপরিধি নিম্নে দেয়া হলো এবং কমিটির সুপারিশ মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা পর্যায়ের কমিটির রূপরেখা নিম্নরূপ:

ক.	জেলা প্রশাসক	-	সভাপতি
খ.	জেলা সদরে অবস্থিত জেলার প্রথম সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি	-	সদস্য
গ.	উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	-	সদস্য
ঘ.	জেলা শিক্ষা অফিসার	-	সদস্য সচিব

কার্যপরিধি:

১. T.T.C/B.Ed কলেজ অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জেলা প্রশাসকের নিকট আবেদন করবেন।

২. জেলা প্রশাসক অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা)/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সংশ্লিষ্ট আবেদনের বিষয়ে তদন্ত করাবেন।

৩. কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৪. তদন্ত প্রতিবেদন উক্ত কমিটির সভায় উপস্থাপনপূর্বক সভার কার্যবিবরণীসহ জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় পরবর্তীতে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১-২-২০২০
মোহাম্মদ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।

২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

৪) জেলা প্রশাসক, ... (সকল)।

৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা/রাজশাহী/দিনাজপুর/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৭) উপসচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৮) সচিব এঁর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৯) মননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১১) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১২) অফিস কপি।